তারিখ 14 JUL 2011
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

৬ শিক্ষার্থীকে বিবস্ত্র

# সানতলা সর. প্রাথ. বিদ্যালয়ের সেই শিক্ষকসহ ২ জন বরখাস্ত

প্রতিনিধি, কেশবপুর (যশোর)

যশোরের কেশবপুরে ফুটবল খেলতে চাওয়ায় ৬ শিক্ষার্থীকে বিবস্ত্র করার ঘটনায় সানতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সেই বিতর্কিত শিক্ষক রবীন্দ্র নাথ বিশ্বাসসহ একই পত্রে ছাত্রীকে শ্লীলতাহানির চেষ্টার অভিযোগে নতুন মূলগ্রাম সরকারি প্রথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক মকবুল হোসেনকে বরখাস্ত করা হয়েছে। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আকবর হোসেন এ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

জানা গেছে, গত রোববার দুপুরে উপজেরার সানতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা ফুটবল খেলার জন্যে বল আনতে প্রধান শিক্ষকের কাছে গেলে তার নির্দেশে ৫ম শ্রেণীর ছাত্র রিয়াজ, সবুজ, ৩য় শ্রেণীর ছাত্র আবদুলাহ, মুজাহিদসহ ৬ শিক্ষার্থীকে একটি শ্রেণী কক্ষে ডেকে নিয়ে প্যান্ট খুলে বিবস্ত্র করেন। শিশু শ্রেণীর শিক্ষার্থী সিয়াম জানালার ফাক দিয়ে এ দৃশ্য দেখে সবাইকে জানিয়ে দিলে ঘটনাটি ফাঁস হয়ে যায়। ওই রাতেই অভিভাবকরা ম্যানেজিং কমিটির সভাপতির কাছে এ ঘটনার সুষ্ঠু বিচার দাবি করেন এবং ৭ দিনের মধ্যে ওই ভারপ্রাপ্ত প্রধান শিক্ষককে স্কুল থেকে বিদায় না করলে গ্রামবাসী তালা ঝুলিয়ে দেয়ার আলটিমেটাম দেয়।

গত বুধবার ফুটবল খেলতে চাওয়ায় ৬ শিক্ষার্থীকে বিবস্ত্র শিরোনামে এ সংক্রান্ত সরেজমিন প্রতিবেদন দৈনিক সংবাদে প্রকাশিত হলে টনক নড়ে কর্তৃপক্ষের। ওই দিন সন্ধ্যায় জেলা শিক্ষা অফিসার তাপস কুমার অধিকারী স্বাক্ষরিত এক ইমেইল বার্তায় সানতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক রবীন্দ্র নাথ বিশ্বাস ও নতুন মূলগ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মকবুল হোসেনকে সাময়িক বরখাস্ত করা হয়।